PG Odd Semester (CBCS) Exam., December 2018

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–105

(উনিশ শতকের বাংলা কবিতা)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। প্রথম দৈনিক বাঙলা সংবাদপত্রের নাম উল্লেখ করো। পত্রিকাটি কত সালে প্রকাশিত হয়? 'স্নানযাত্রা' কবিতাটি কবির কোন্ পর্যায়ের কবিতার অন্তর্গত? ''ঈশ্বরচন্দ্র গুপ্তের কাব্য-সাধনায় বাংলা সাহিত্য আধুনিকতার পথনির্দেশ খুঁজে পায়নি, কিন্তু পুরোনো কবিতার পুনরাবৃত্তিতে যে সেই আধুনিকতার ধারাপথ মিলবে না তা তিনি যথার্থভাবে উপলব্ধি করতে পেরেছিলেন।'' সমালোচকের এই মন্তব্যটি গুপ্ত কবি সম্পর্কে কতটুকু প্রাসঙ্গিক তা তোমার পাঠ্য কবিতা আলোচনা করে বুঝিয়ে দাও।
১+১+১+১১=১৪

২। সত্যেন্দ্রনাথ দত্তের প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো। 'কাব্য-সঞ্চয়ণ' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? ''সত্যেন্দ্রনাথ আবেগপ্রবণ গীতিকবি হলেও তাঁর মনের মধ্যে সর্বদা একপ্রকার বুদ্ধির উজ্জ্বলতা ও আস্তিক্যবোধের সংযম কল্পনাকে নিয়ন্ত্রিত করেছে।'' কবির কবিতা আলোচনা করে বিষয়টি বিশ্লেষণ করো।
১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম খণ্ড (১–৫ সর্গ) ১৮৬১ খ্রিস্টাব্দের কোন্ মাসে প্রথম প্রকাশিত হয়েছিল? উক্ত কাব্যের প্রথম সর্গে উল্লিখিত মেঘনাদের ধাত্রীমা'র নাম কী? 'মেঘনাদবধ কাব্য'-এর তৃতীয় সর্গ অবলম্বনে প্রমীলা চরিত্রটি বিশ্লেষণ করো।
১+১+১২=১৪

৪। ''নমি আমি, কবিগুরু, তব পদাম্বুজে''— 'মেঘনাদবধ কাব্য'-এর কোন্ সর্গের সূচনায় এই পংক্তি ব্যবহৃত হয়েছে? এখানে 'কবিগুরু' কে? ''মেঘনাদের মধ্যে একই সংগে পাই এক আদর্শ পুত্র, আদর্শ স্বামী, ও এক আদর্শ দেশভক্ত বীরপুরুষকে।'' 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে উক্ত মন্তব্যের যথার্থতা নিরূপণ করো।
১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'বৃত্রসংহার'-এর 'শচী' মধুসূদনের কোন্ দুটি চরিত্রের মিশ্র ছায়া-মূর্তি? '' 'বৃত্রসংহার' কাব্যটি সমসাময়িক সমালোচকদের কাছে 'মেঘনাদবধ কাব্য'-এর প্রতি-তুলনায় উৎকৃষ্ট মহাকাব্য বলে বিবেচিত হয়েছিল, কিন্তু সাম্প্রতিক আলোচনায় এ মত গ্রাহ্য হয়নি।'' মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত বিবৃত করো।
২+১২=১৪

৬। হেমচন্দ্রের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? 'বৃত্রসংহার' কাব্যের দ্বিতীয় সর্গের পংক্তি-সংখ্যা কত? ''সংস্কৃত ও প্রতীচ্যের মহাকাব্য সম্পর্কে অবহিত ছিলেন হেমচন্দ্র, কিন্তু কাব্য পরিকল্পনা ও কাহিনী গ্রন্থনার সার্বিক বিচারে প্রচলিত আলংকারিক মহাকাব্যের সীমায়িত জগতের ঊর্দ্ধে তিনি যেতে পারেননি।'' এ সম্পর্কে তোমার অভিমত লিপিবদ্ধ করো।

১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। 'সারদামঙ্গল'-পরবর্তী পর্বে বিহারীলাল রচিত দুটি কাব্যগ্রন্থের নামোল্লেখ করো। নামকরণে প্রথার অনুসরণ সত্ত্বেও 'সারদামঙ্গল'-এ বাংলা কবিতার ইতিহাসের যে বাঁকবদল চিহ্নিত আছে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ২+১২=১৪

৮। পাশ্চাত্যের দুটি কাব্যের নাম উল্লেখ করো যার সংগে 'স্বপ্নপ্রয়াণ' কাব্যের সাদৃশ্য রয়েছে। '' 'স্বপ্নপ্রয়াণ' একখানি রূপক।'' উক্তিটি কার? কাব্যের প্রথম দুটি সর্গ আলোচনা করে কবি দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের কাব্যভাবনার স্বরূপ বিশ্লেষণ করো।

২+১+১১=১৪

ঙ—গুচ্ছ

৯। শোক কাব্য কাকে বলে? ''যেখানে জীবন, সেইখানেই মৃত্যু; সেইরূপ যেখানে ভালোবাসা সেইখানেই বিরহ ও শোক। জীবনের মাঝখানেও আমরা মৃত্যুকে ভুলিতে পারি না।'' সমালোচকের এই উক্তি 'এষা' কাব্যগ্রন্থের আলোচনায় কতটা তাৎপর্যপূর্ণ, বিচার করো। ৩+১১=১৪

১০। গীতিকাব্য বলতে কী বোঝ? গীতিকাব্যের বৈশিষ্ট্য নির্ণয় করো। কামিনী রায়, মানকুমারী বসু কিংবা গিরীন্দ্রমোহিনী দাসীর কবিতা অবলম্বনে উনিশ শতকের গীতিকাব্যের স্বরূপ উদ্‌ঘাটন করো।

৩+৩+৮=১৪

★★★